গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ)
বিপিপিএ ভবন, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
www.bppa.gov.bd

নং:-২১.০০.০০০০.৩৬৩.২২.০৩০.২৪- ৫০

তারিখ: ২২ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
০৬ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

# পরিপত্র

**বিষয়: সরকারি ক্রয় প্রক্রিয়াকরণ বিষয়ে বিপিপিএ-এর নিকট প্রেরিত পত্রের বিষয়বস্তু।**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিপিপিএ আইন, ২০২৩-এর ধারা ৯(১২) এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ (পিপিআর, ২০২৫)-এর বিধি ১৫৩(১)(গ)-এর নির্দেশনা অনুযায়ী বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ, ক্রয়কারী সংস্থা এবং ক্রয়কারী দপ্তরসমূহের অনুরোধের প্রেক্ষিতে বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ) সরকারি ক্রয় সংক্রান্ত বিষয়ে পরামর্শ এবং সহায়তা প্রদান করে থাকে।

০২। সাম্প্রতিককালে উপর্যুক্ত বিধানের আলোকে কোনো কোনো মন্ত্রণালয়/বিভাগ/ক্রয়কারী সংস্থা/ক্রয়কারী/ দরপত্র বা প্রস্তাব মূল্যায়ন কমিটির নিকট হতে সরকারি ক্রয় প্রক্রিয়াকালে উদ্ভূত বিভিন্ন বিষয়ে বিপিপিএ-তে প্রেরিত পত্রসমূহে নিম্নবর্ণিত অসঙ্গতিসমূহ পরিলক্ষিত হচ্ছে:

ক) দরপত্র/প্রস্তাব মূল্যায়নের ক্ষেত্রে দাখিলকৃত কোনো দলিল বা প্রমানক গ্রহণযোগ্য হবে কি-না উক্ত বিষয়ে মতামত যাচন;

খ) কোন দরপত্রদাতা দরপত্র মূল্যায়নে গ্রহণযোগ্য (Responsive) বিবেচিত হবে কি না উক্ত বিষয়ে মতামত যাচন;

গ) দরপত্র মূল্যায়ন প্রতিবেদন/সভার কার্যবিবরণী/দরপত্রদাতা কর্তৃক দাখিলকৃত দলিলাদি/কারিগরি সাব-কমিটির প্রতিবেদন ইত্যাদি গোপনীয় দলিল সংযুক্ত করে কোনো বিষয়ে মতামত যাচন;

ঘ) পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ (পিপিএ, ২০০৬), পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ (পিপিআর, ২০২৫), বিপিপিএ-এর জারিকৃত পূর্বতন কোনো পরিপত্রে বা আদর্শ দরপত্র দলিলে সুস্পষ্টরূপে উল্লিখিত আছে এরূপ বিষয়ে মতামত যাচন;

ঙ) মূল পত্রে যাচিত বিষয়ের পরিপূর্ণ বর্ণনা প্রদান না করে কেবল দলিলাদি বা কাগজপত্র সংযুক্ত করে তা পরীক্ষাপূর্বক ক্রয়সংশ্লিষ্ট কোনো বিষয়ে মতামত যাচন;

চ) ক্রয় সংক্রান্ত বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের গৃহীত অথবা ক্রয় আইনের অধীনে রিভিউ প্যানেল কর্তৃক প্রদত্ত কোনো সিদ্ধান্ত বা আদেশ সঠিক হয়েছে কি-না, সে বিষয়ে বিপিপিএ-এর মতামত যাচন।

০৩। উপর্যুক্ত প্রেক্ষাপটে জানানো যাচ্ছে যে, দরপত্র/প্রস্তাব মূল্যায়নে কোনো দরপত্রদাতার/পরামর্শকের বা দরপত্রদাতা বা আবেদনকারী/পরামর্শক কর্তৃক দাখিলকৃত কোন দলিলের গ্রহণযোগ্যতা নিরূপণের দায়িত্ব পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ (পিপিআর, ২০২৫)-এর বিধি ১১(১০) অনুযায়ী সম্পূর্ণরূপে দরপত্র বা প্রস্তাব মূল্যায়ন কমিটির (TEC/PEC)। কোনো দরপত্র বা প্রস্তাব মূল্যায়নে কারিগরি সহযোগিতার প্রয়োজন হলে TEC/PEC'র অনুরোধে বিধি ১১(১৫)-এর নির্দেশনা অনুযায়ী কারিগরি সাব-কমিটি গঠন করা যায়। উল্লেখ্য, দরপত্র/প্রস্তাব মূল্যায়ন কমিটিতে যেন যথাযথ যোগ্যতা সম্পন্ন সকল সদস্য অন্তর্ভুক্ত করা হয় সে বিষয়ে বিধি ১১(২) এবং ১১(৬)-এ উল্লেখ আছে। আরো উল্লেখ্য, বিধি ১৫৩(১)(গ) এবং ১৫৩(২) অনুযায়ী কোনো ক্রয় সম্পাদন বিষয়ে বিপিপিএ-এর সিদ্ধান্তমূলক মতামত প্রদানের অবকাশ নেই বা কোনো ক্রয় কার্যে সরাসরি সম্পৃক্ত হওয়ারও সুযোগ নেই।

০৪। উল্লেখ্য, পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ (পিপিএ, ২০০৬)-এর ধারা ১৮(১) এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ (পিপিআর, ২০২৫)-এর বিধি ১১৮(৩৪)-এ ক্রয়কারী বা দরপত্র/প্রস্তাব মূল্যায়ন কমিটিকে ক্রয় প্রক্রিয়ার গোপনীয়তা রক্ষার বিষয়ে নির্দেশনা রয়েছে।

*(পরবর্তী পৃষ্ঠা দ্রষ্টব্য)*

*(পূর্ববর্তী পৃষ্ঠার পর)*

০৫। এক্ষণে, সরকারি ক্রয় প্রক্রিয়াকরণ বিষয়ে বিপিপিএ-এর সহায়তা বা পরামর্শ গ্রহণের প্রয়োজনে ক্রয়সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/ক্রয়কারী সংস্থা/ক্রয়কারী এবং দরপত্র/প্রস্তাব মূল্যায়ন কমিটিকে বিপিপিএ-তে পত্র প্রেরণের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়সমূহ অনুসরণের জন্য অনুরোধ করা হলো:

ক) কোনো দরপত্র বা প্রস্তাব গ্রহণযোগ্য (Responsive) বিবেচিত হবে কি-না সে বিষয়ক সরাসরি মতামত যাচন না করে দরপত্রদাতা বা পরামর্শকের দাখিলকৃত দলিলাদির গ্রহণযোগ্যতার বিষয়টি পিপিএ, ২০০৬/পিপিআর, ২০২৫ বা আদর্শ দরপত্র/প্রস্তাব দলিলের কোন বিধান অনুযায়ী নির্ধারণ করা হবে, সে বিষয়ে মতামত যাচন করা যেতে পারে;

খ) দরপত্র মূল্যায়ন সংক্রান্ত কোন প্রতিবেদন বা দরপত্রদাতা/পরামর্শক কর্তৃক দাখিলকৃত কোনো দলিলপত্র সংযুক্ত না করাই বাঞ্ছনীয়। প্রয়োজনবোধে উক্ত প্রতিবেদনের সংক্ষিপ্তসার উল্লেখ করে কোনো দরপত্রদাতার/পরামর্শকের নাম উল্লেখ না করে তার/তাদের বিশেষ কোনো ঘাটতি/অবস্থানের বিষয়ে মতামত যাচন করা যেতে পারে;

গ) পিপিএ, ২০০৬ বা পিপিআর, ২০২৫-এর অধীন প্রণীত আদর্শ দরপত্র দলিলসমূহের বিভিন্ন অংশে (ITT, TDS, GCC, PCC ইত্যাদি) যে সব সংস্থান সুস্পষ্টরূপে বর্ণিত আছে সে সব বিষয়ে অধিকতর ব্যাখ্যার প্রয়োজন থাকে না বলে সে সব বিষয়ে মতামত যাচন না করা;

ঘ) যাচিত বিষয় স্বয়ংসম্পূর্ণরূপে পত্রে প্রতিফলিত করা এবং একান্ত অপরিহার্য না হলে দলিলাদির সংযুক্তি পরিহার করা;

ঙ) উর্ধ্বতন কর্তৃপক্ষের গৃহীত অথবা ক্রয় আইনের অধীনে রিভিউ প্যানেল কর্তৃক প্রদত্ত কোনো সিদ্ধান্তের বিরোধিতা করে বিপিপিএ-এর মতামত/পরামর্শ না চাওয়া।

০৬/০৯/২০২৬

(আবু সাঈদ মোঃ কামরুজ্জামান, এনডিসি)
প্রধান নির্বাহী কর্মকর্তা (সচিব)
বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ)

**বিতরণ: জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।

২. সিনিয়র সচিব/সচিব (তাঁর মন্ত্রণালয়/বিভাগের আওতাভুক্ত সকল ক্রয়কারী সংস্থাকে অবহিতকরণের বিনীত অনুরোধসহ) ..........................................................................................মন্ত্রণালয়/বিভাগ (সকল)।

৩. সদস্য, পরিকল্পনা কমিশন, ..........................................................................শের-ই-বাংলা নগর, ঢাকা।

৪. চেয়ারম্যান/প্রধান প্রকৌশলী/মহাপরিচালক/সংস্থা প্রধান (সকল) ..........................................................................................

নং:-২১.০০.০০০০.৩৬৩.২২.০৩০.২৪-৫০(৫)

তারিখ: ২২ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ / ০৬ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:**

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা (মন্ত্রী/বিপিপিএ পরিচালনা পর্ষদের সভাপতি মহোদয়কে সদয় অবহিতকরণের অনুরোধসহ);

২. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা (মন্ত্রী/বিপিপিএ পরিচালনা পর্ষদের সিনিয়র সহসভাপতি মহোদয়কে সদয় অবহিতকরণের অনুরোধসহ);

৩. সচিবের একান্ত সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা (সচিব/বিপিপিএ পরিচালনা পর্ষদের সহসভাপতি মহোদয়কে সদয় অবহিতকরণের অনুরোধসহ);

৪. প্রধান নির্বাহী কর্মকর্তা (সচিব)-এর ব্যক্তিগত কর্মকর্তা, বিপিপিএ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭;

৫. অফিস কপি।

০৬.০৯.২০২৬

(শাহ ইয়ামিন উল ইসলাম)
পরিচালক (উপসচিব)